



Child Labor Recruitment Remediation Policy & Protection for Young Worker

(শিশু শ্রমিক নিয়োগ ও প্রতিবিধান নীতিমালা এবং
কিশোর শ্রমিকদের জন্য বিশেষ নিরাপত্তা)

উদ্দেশ্য :

স্প্রিং ট্রেড লিমিটেড সব সময় শিশু শ্রমিক নিয়োগদানকে নিরক্ষতসাহিত করে। শিশু বলতে যে সকল শ্রমিকের বয়স ১৪ বৎসর পূর্ণ হয় নাই তাদের বুঝায়। শ্রমিক নিয়োগের ক্ষেত্রে সর্বনিম্ন বয়স অনুসরণ করা হয়ে থাকে, প্রাপ্ত বয়স্কদের ক্ষেত্রে নূন্যতম বয়স সীমা ১৮ বৎসর এবং যে সকল শ্রমিকদের বয়স ১৮ বৎসর পূর্ণ হয় নাই কিন্তু ১৪ বৎসর পূর্ণ হয়েছে তাদের আইন কর্তৃক নির্দেশিত সুরক্ষা, বিশেষ সুরক্ষা নিশ্চিত সাপেক্ষে নিয়োগ করা যেতে পারে।

স্প্রিং ট্রেড লিমিটেডের শিশু শ্রমিক নিয়োগ এবং প্রতিবিধান নীতিমালা নিম্নরূপ :

স্প্রিং ট্রেড লিমিটেড শ্রমিক নিয়োগের ক্ষেত্রে সর্বনিম্ন বয়স অনুসরণ করে থাকে। অর্থাৎ ১৪ বৎসরের কম বয়সের কোন শ্রমিক নিয়োগ করা হয় না। যদি কোন নিয়োগ প্রাপ্ত শ্রমিকের বয়স সন্দেহ জনক মনে হয় তবে রেজিস্টার্ড ডাক্তারের পরীক্ষার রিপোর্ট এর ভিত্তিতে তা সঠিকভাবে নিরূপন করা হয়। শ্রমিকের বয়স ১৪ বছর থেকে ১৮ বছরের মধ্যে হলে সে কিশোর শ্রমিক হিসাবে গন্য হবে এবং উক্ত শ্রমিকের ক্ষেত্রে নিম্নোক্ত নীতিমালা গ্রহণ করা হবে।

- ১) কিশোর শ্রমিক দিয়ে কারখানায় প্রতিদিন ৫ (পাচ) ঘন্টার বেশী কাজ করানো যাবে না এবং সপ্তাহে ৩০ (ত্রিশ) ঘন্টার অধিক সময় কাজ করানো যাবে না।
- ২) কিশোর শ্রমিকদের কখনও সন্ধ্যা ৭ টা থেকে ভোর ৭ টা পর্যন্ত সময়ের মধ্যে কাজ করানো হবে না।
- ৩) কাজে নিয়োজিত থাকার সময় উক্ত শ্রমিকদের সংগে উপরোক্ত প্রত্যয়ন পত্রের স্মারক টোকেন এর ব্যবস্থা করা হবে।
- ৪) শ্রমিকের পিতা মাতার লিখিত সম্মতিপত্র গ্রহণ করা হবে।
- ৫) কিশোর শ্রমিক নিয়োগ হলে তাদের ক্ষেত্রে পৃথক রেজিস্টার সংরক্ষণ করা হবে।
- ৬) কিশোর শ্রমিককে কোন ঝুঁকিপূর্ণ বা চলমান মেশিনে কাজ করতে দেয়া হবে না।
- ৭) প্রতি ১৫ কর্মদিবসে ১ (এক) দিন অর্জিত ছুটি হিসাবে গন্য করা হবে।
- ৮) কিশোর শ্রমিকের বেলায় দেশের প্রচলিত বাংলাদেশ শ্রম আইন ২০০৬ এর বিধানসমূহ সঠিকভাবে অনুসরণ করা হবে।

শিশু শ্রমিক নিয়োগের ক্ষেত্রে স্প্রিং ট্রেড লিমিটেড এর বিশেষ নির্দেশনাঃ- যদি অত্র কোম্পানীতে ভুলক্রমে শিশু শ্রমিক নিয়োগ প্রাপ্ত হয়ে যায় সে ক্ষেত্রে ঐ শিশু শ্রমিককে তাৎক্ষণিকভাবে চাকুরী হতে অব্যাহতি দিয়ে তার পিতামাতার কিংবা বৈধ অভিভাবকের নিকট পাঠিয়ে দিতে হবে এবং শিশুটি কিশোরে পরিণত না হওয়া পর্যন্ত তার শিক্ষার ব্যয়ভার কোম্পানী কর্তৃক বহন করা হবে এবং শিশু শ্রমিকটির পরিবারে যদি প্রাপ্ত বয়স্ক কর্মক্ষম কোন ব্যক্তি থাকে তবে তার চাকুরীর সংস্থান করবে। এতদসংক্রান্ত যাবতীয় পদক্ষেপ যথাযথ নথিভুক্ত করতে হবে।

পরিচালক

স্প্রিং ট্রেড লিঃ

Issue Date: 3 Jan, 2018

Version- STL/CLRP/01

Page 1 of 1